

উত্তরাপথ পুরস্কার পেয়েছে উষালোকে

কলকাতায় এক মনোরম সমাবেশে সুইডেনের গোথেনবুর্গ থেকে বাংলা ও সুইডিশ ভাষায় প্রকাশিত সাহিত্যপত্র 'উত্তরাপথের' পক্ষ থেকে ১৯৮৯ ও ১৯৯০ সালের জন্য 'উত্তরাপথ পুরস্কার' প্রদান করা হয়। 'সাহিত্য', 'লিটল-ম্যাগাজিন' এবং 'শিল্প ও সংস্কৃতি' এই তিনটি বিষয়ের ওপর পুরস্কার দেয়া হয়। ১৯৯০ সালের জন্য শ্রেষ্ঠ লিটল-ম্যাগাজিন হিসাবে 'উত্তরাপথ লিটল-ম্যাগাজিন পুরস্কার' গ্রহণ করেন ঢাকা থেকে প্রকাশিত ত্রৈমাসিক সাহিত্য পত্রিকা 'উষালোকের' সম্পাদক জনাব মোহাম্মদ শাকেরউল্লাহ। গত ২৮ অক্টোবর অনুষ্ঠানটি আয়োজিত হয়।

পুরস্কার সভার সভাপতি রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শ্রী পবিত্র সরকার পুরস্কার বিতরণ করেন। প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট শরৎসাহিত্য গবেষক শ্রী মানিক মুখোপাধ্যায়।

যারা পুরস্কার লাভ করেন তারা হলেন, ১৯৯০ সালের জন্য সাহিত্যে শ্রী সুভাষ ঘোষাল, লিটল-ম্যাগাজিনে মোহাম্মদ শাকেরউল্লাহ সম্পাদিত 'উষালোক' এবং শিল্প ও সংস্কৃতিতে শিল্পী রবীন মন্ডল। ১৯৮৯ সালের জন্য পুরস্কারপ্রাপ্তরা হলেন, সাহিত্যে শ্রী কানাই কুবু, লিটল-ম্যাগাজিনে কবি কাজল চক্রবর্তী সম্পাদিত 'সংস্কৃতিক খবর' এবং শিল্প ও সংস্কৃতিতে শ্রী প্রভাত কুমার দত্ত (যুক্তরাষ্ট্র থেকে প্রকাশিত 'অতলান্তিক' পত্রিকার সম্পাদক)।

পুরস্কারপ্রাপ্তদেরকে বাংলা ও সুইডিশ উভয় ভাষায় লেখা মানপত্র ও একটি করে পদক দেয়া হয়। লন্ডন থেকে প্রকাশিত বাংলা সাহিত্যপত্র 'সাগরপার'-এর সম্পাদক শ্রী হিরনায় ভট্টাচার্যের পরিচালনায় শ্রীমতি মধুমিতা চট্টোপাধ্যায়ের উদ্বোধনী সংগীতের মাধ্যমে পুরস্কার সভা শুরু হয়।

আধুনিক কবিতায় সুরারোপের জন্য খ্যাতিমান বিশিষ্ট সুরকার ও শিল্পী ঋষিণ মিত্র অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন। অন্যদের মধ্যে বিশিষ্ট কবি ও ইন্ডিয়ান রাইটার্স এসোসিয়েশনের সম্পাদক দেবী রায়, কবি কৃষ্ণধরসহ বহু লেখক, সাংবাদিক ও সমালোচক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

'উত্তরাপথ' সম্পাদক শ্রী গজেন্দ্র কুমার ঘোষ তার স্বাগত বক্তৃতায় উত্তরাপথ



রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শ্রী পবিত্র সরকারের কাছ থেকে 'উত্তরাপথ লিটল ম্যাগাজিন পুরস্কার ১৯৯০' গ্রহণ করছেন উষালোক সম্পাদক মোহাম্মদ শাকেরউল্লাহ

পত্রিকার ইতিহাস ও পুরস্কার সম্পর্কে বর্ণনা দেন। তিনি নিজ নিজ ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য পুরস্কারপ্রাপ্ত ব্যক্তি ও সম্পাদকদের প্রশংসা করেন।

পুরস্কার বিতরণের পর তরুণ কবিদের কবিতা পাঠের আয়োজন করা হয়। এতে স্বরচিত কবিতা পাঠ করেন অনিক রত্ন, প্রণব পাল, ধীমান চক্রবর্তী, প্রবাল কুমার বসু, কাজল চক্রবর্তী, গৌতম কুমার দে, আজরা বানু, ঈশ্বর ত্রিপাঠী ও দেবীশঙ্কর চক্রবর্তী। বাংলাদেশ থেকে কবি মুজ্জতাহিদ ফারুকী অনুষ্ঠানে স্বরচিত কবিতা পড়ে শোনান।

এরপর প্রধান অতিথি ও সভাপতির বক্তৃতার মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। সভাপতি শ্রী পবিত্র সরকার এই পুরস্কারের প্রবর্তক ও পুরস্কারপ্রাপ্তদের প্রশংসা করেন। তিনি বিশেষ করে লিটল-ম্যাগাজিনের ভূমিকার কথা উল্লেখ করে বলেন, লেখক সৃষ্টি, লেখকদের নানা ধরনের নিরীক্ষার সুযোগ দান এবং বর্তমান সময়ে উপস্থাপনের মাধ্যমে লিটল-ম্যাগাজিন ইতিমধ্যেই নিজেকে এতটা প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছে যে, একে এখন আর কেউ উপেক্ষা করতে পারছেন না। এই প্রসঙ্গে তিনি পশ্চিমবঙ্গের '৮০-র দশকের কবিদের শৈল্পিক সাফল্যেরও অকুণ্ঠ স্বীকৃতি প্রদান করেন। □

Mothly NIRIKSHA
December 1990
Page : 47